

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩২৩

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মোজার উপর মাসেহ কারী ব্যক্তির জন্য তখনই সালাত আদায় বৈধ হবে, যখন সে মোজা ওযূ করার পর পরিধান করা হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَاسِحَ عَلَى الْخُفَّيْنِ إِنَّمَا أُبِيحَ لَهُ الصَّلَاةُ بِذَلِكَ الْمَسْحِ إِذَا كَانَ لُبْسُه الْخُفَّيْنِ عَلَى طُهْرِ

আরবী

1323 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ زَكَرِيَّا وَغَيْرِهِ عَنِ الشَّعْبِيِّ عَنْ عُرْوَةَ بْنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ عَنْ أَبِيهِ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم توضأ فَعَسَلَ وَجْهَهُ وَيَدَيْهِ ثُمَّ مَسَحَ عَلَى خُفَيْهِ فَقُلْتُ: رَسُولَ اللَّهِ تَمْسَحُ عَلَى خُفَيْكِ قال: (إني أدخلت رِجْلَيَّ وهما طاهرتان) يَا رَسُولَ اللَّهِ تَمْسَحُ عَلَى خُفَيْك؟ قال: (إني أدخلت رِجْلَيَّ وهما طاهرتان) الراوي: المُغِيرَة بْن شُعْبَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1323 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩২৩. মুগীরা বিন শু'বাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, তিনি ওয়ৃ করেছেন; অতঃপর তিনি তাঁর মুখমন্ডল ও দুইহাত ধৌত করেছেন, তারপর তিনি মোজার উপর মাসেহ করেছেন।" তখন আমি তাকে বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি মোজার উপর মাসেহ করলেন?" জবাবে তিনি বলেন, "নিশ্চয়ই আমি এগুলোকে পবিত্র অবস্থায় পায়ে পরেছি।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৯০; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৩২; হুমাইদী: ৭৫৮; মুসনাদ আহমাদ: ৪/২৫১; সহীহ আল বুখারী: ২০৬; সহীহ মুসলিম: ২৭৪; আবৃ দাউদ: ১৫১; নাসাঈ: ১/৬৩; দারেমী: ১/১৮১; তাবারানী আল



কাবীর: ২০/৮৬৪; বাগাবী: ২৩৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৪৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৬; তিরমিযী: ১০০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯৭।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন